# রাজশাহী বোর্ড-২০১৬

## পৌরনীতি ও সুশাসন : দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৭ | ০ |

সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ১০ মিনিট — পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. 'ক' নামক অঞ্চলটি দীর্ঘদিন উপনিবেশিক শাসনাধীনে ছিল। বৃহৎ এই অঞ্চলে ক্রমশ দুইটি ধর্মীয় সম্প্রদায় সংগঠিত হয়। শাসকগোষ্ঠীর বিমাতাসুলভ আচরণ ও সম্প্রদায় দুইটির অনৈক্যের কারণে অঞ্চলটিতে অস্থিরতা দেখা দেয়। এমতাবস্থায় উপনিবেশিক শক্তি অঞ্চলটির স্বাধীনতা প্রদানের লক্ষ্যে একটি আইন প্রণয়ন করে। এই আইনের ফলে 'ক' অঞ্চলটিতে সম্প্রদায়গত পরিচয়ে দুইটি স্বাধীন রাষ্ট্রের উদ্ভব হয়।

ক. বাংলার সৈয়দ আহমদ বলা হয় কাকে? ১

খ. স্বদেশি আন্দোলন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত আইনের সাথে তোমার পঠিত যে আইনের সাদৃশ্য রয়েছে তার বৈশিষ্ট্যসমূহ বর্ণনা করো। ৩

ঘ. ভারতবর্ষের তৎকালীন রাজনৈতিক বাস্তবতায় উক্ত আইনটি অপরিহার্য ছিল— বিশ্লেষণ করো। ৪

২. বৃহৎ কোনো রাষ্ট্রের অভ্যন্তরস্থ একটি অঞ্চলের জনগণ পাঠ্যপুস্তকে তাদের নিজস্ব বর্ণমালা ব্যবহার করার জন্য শাসকগোষ্ঠীর কাছে দাবি জানিয়ে আসছিল। দীর্ঘ সংগ্রামের পর তাদের দাবি স্বীকৃতি পায়। ফলে বৃহৎ রাষ্ট্রটির ঐক্য সুদৃঢ় হয়।

ক. গণতন্ত্রের মানসপুত্র বলা হয় কাকে? ১

খ. ১৯৫৪ সালের নির্বাচনে মুসলিম লীগের পরাজয়ের কারণ কী ছিল? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার সাথে স্বাধীনতাপূর্ব বাংলাদেশের কোন আন্দোলনের মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আন্দোলনের সাথে তোমার পঠিত আন্দোলনের পরিণতি ছিল বিপরীতমুখী— বিশ্লেষণ করো। ৪

৩. পল্লি এলাকার মানুষের জনপ্রিয় নেতা কলিমুল্লাহ নানাবিধ সমস্যায় জর্জরিত কৃষকদের মুক্তির উপায় খুঁজতে থাকেন। জনগণের ভোটে প্রতিনিধি নির্বাচিত হয়ে তিনি সুদখোর মহাজনদের কবল থেকে কৃষকদেরকে মুক্ত করার জন্য একটি আইন প্রণয়ন করেন। তাছাড়া ভূস্বামীদের কবল থেকে জমি ফিরে পাওয়ার জন্য অপর একটি আইন তিনি প্রণয়ন করেন।

ক. বঙ্গভঙ্গপূর্ব অবিভক্ত প্রদেশটির নাম কী ছিল? ১

খ. প্রাদেশিক স্বায়ত্তশাসন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে স্বাধীনতাপূর্ব বাংলাদেশের যে নেতার অবদান প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত নেতার সকল অবদান উদ্দীপকে প্রতিফলিত হয়নি— তুমি কি এ বক্তব্যের সাথে একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

৪. রাইমার দেশের সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি, নাগরিকদের মৌলিক অধিকার এবং শক্তিশালী মন্ত্রিপরিষদ গঠনের কথা বলা হয়েছে। আইনসভার সদস্যদের সাধারণত সংখ্যাগরিষ্ঠের ভোটে সংবিধান পরিবর্তনের ব্যবস্থা রাখা হয়েছে।

ক. কত তারিখে বাংলাদেশের সংবিধান কার্যকর হয়? ১

খ. পঞ্চম সংশোধনীর মাধ্যমে বাংলাদেশ সংবিধানের মূলনীতিতে কী পরিবর্তন আনা হয়েছিল? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সংবিধানে বাংলাদেশ সংবিধানের কোন বৈশিষ্ট্যগুলো প্রতিফলিত হয়নি? ব্যাখ্যা করো। ৩

ঘ. রাইমার দেশের সংবিধান সংশোধন পদ্ধতির তুলনায় তোমার দেশের সংবিধান সংশোধন পদ্ধতি অধিকতর গ্রহণযোগ্য। উক্তিটির সপক্ষে তোমার মতামত পেশ করো। ৪

৫. একটি সংগঠনের সভাপতি সাধারণ সম্পাদকের সাথে পরামর্শক্রমে বিভিন্ন পদে নিয়োগ দান করেন। সভাপতির নামে সংগঠনটির কার্যক্রম পরিচালিত হলেও সাধারণ সম্পাদকই মূলত যাবতীয় কার্যাবলির সফলতা-ব্যর্থতার জন্য দায়বদ্ধ। সাধারণ সম্পাদক সংগঠনটির নেতৃত্ব প্রদান করলেও এর সদস্যদের বিরুদ্ধে গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা সভাপতি হ্রাস-বৃদ্ধি বা রহিত করতে পারেন।

ক. কোন সংশোধনীর মাধ্যমে বাংলাদেশে সংসদীয় সরকার ব্যবস্থা পুনঃপ্রবর্তিত হয়? ১

খ. অভিশংসন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সংগঠনটির সাধারণ সম্পাদক পদের সাথে তোমার দেশের শাসন বিভাগের কোন পদাধিকারীর সাদৃশ্য পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের সভাপতির সাথে সামঞ্জস্যপূর্ণ তোমার দেশের নিয়মতান্ত্রিক প্রধানের শাস্তিমূলক ব্যবস্থা পুনঃবিবেচনার ক্ষমতা ন্যায়বিচার প্রতিষ্ঠায় সহায়ক। তুমি কি এ বক্তব্য সমর্থন করো? যুক্তি দাও। ৪

৬. 'গ' রাষ্ট্রটির আইনসভা ৫০০ সদস্যবিশিষ্ট। ৩০০ জন সদস্য ভোটারদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হয়। ১০০ জন সংরক্ষিত মহিলা সদস্য মহিলা ভোটারদের ভোটে এবং ১০০ জন সংখ্যালঘু ও উপজাতি সদস্য জনসংখ্যার সংখ্যানুপাতে সংশ্লিষ্ট ভোটারদের ভোটে নির্বাচিত হয়।

ক. সংবিধানের কোন অনুচ্ছেদে বাংলাদেশের আইনসভা গঠনের কথা বলা হয়েছে? ১

খ. কোরাম বলতে কী বোঝায়? ২

গ. 'গ' রাষ্ট্রটির আইনসভার সাথে তোমার দেশের আইনসভার গঠন পদ্ধতির কী কী সাদৃশ্য ও বৈসাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তোমার দেশের আইনসভার তুলনায় উদ্দীপকে উল্লিখিত আইনসভাটি অধিকতর প্রতিনিধিত্বমূলক। উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

Teachingbd.com

৭. ছোট একটি শহরের জনপ্রতিনিধি জনাব কামরুল ইসলাম তার শহরের পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, রাস্তাঘাট ও খেলাধুলার উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেন। অন্যান্য সদস্যের সহায়তায় তিনি এলাকার শান্তি শৃঙ্খলা রক্ষা, নিরক্ষরতা দূরীকরণ এবং বিভিন্ন সমাজকল্যাণমূলক কার্যাবলি সম্পাদন করেন। তিনি ও তার ৪ জন সদস্য নিয়ে গঠিত সালিশি আদালত এলাকার ছোটখাটো বিবাদ ও কলহের মীমাংসা করতে পারেন।

ক. স্থানীয় সরকার কাকে বলে? ১

খ. সার্বজনীন ভোটাধিকার বলতে কী বোঝায়? ২

গ. জনাব কামরুল ইসলাম যে স্থানীয় স্বায়ত্তশাসিত সরকারের প্রধান, তার গঠন উল্লেখ করো। ৩

ঘ. উক্ত স্থানীয় স্বায়ত্তশাসিত সরকারের সকল কার্যক্রম উদ্দীপকে প্রতিফলিত হয় নাই– মন্তব্য করো। ৪

৮. দেশের উত্তরাঞ্চলের জনগণ শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতিসহ বিভিন্নক্ষেত্রে অন্যান্য অঞ্চলের তুলনায় অনগ্রসর ছিল। উত্তরাঞ্চলের জেলাসমূহ অনগ্রসরতা কাটিয়ে উন্নতির লক্ষ্যে দক্ষিণাঞ্চলের জেলাসমূহের সাথে ব্যবসা-বাণিজ্য ও অন্যান্য ক্ষেত্রে সহযোগিতামূলক সম্পর্ক বৃদ্ধিকল্পে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে। যমুনা নদীতে বঙ্গবন্ধু সেতু নির্মিত হওয়ার পর যোগাযোগ ব্যবস্থা তরান্বিত হলে দু'অঞ্চলের মধ্যে সহযোগিতা আরও বৃদ্ধি পায়। অর্থনীতি ও অন্যান্য ক্ষেত্রে উভয় অঞ্চলের জনগণ উপকৃত হতে থাকে।

ক. SAARCএর পূর্ণরূপ লিখ। ১

খ. কী উদ্দেশ্যে সার্ক গঠিত হয় লিখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সহযোগিতার সফলতাকে আন্তর্জাতিক সহযোগিতার ক্ষেত্রে কীভাবে কাজে লাগানো যায় তা ব্যাখ্যা করো। ৩

ঘ. অনুরূপ আন্তর্জাতিক সহযোগিতার ক্ষেত্র প্রসারিত হলে বাংলাদেশের মতো রাষ্ট্রসমূহ লাভবান হবে বলে তুমি মনে কর কি? মতামত দাও। ৪

৯. জাভেদ ভাগ্যোন্নয়নের জন্য চাকরি নিয়ে সিঙ্গাপুর যায়। চার বছর চাকরি করার পর সে দেশে ফিরে আসে। কিছুদিন পর সে অসুস্থ হয়ে পড়ে। তার শরীরের ওজন দ্রুত হ্রাস পেতে থাকে। ঘনঘন জ্বর হয়, হজম শক্তি কমতে থাকে, স্মরণশক্তি লোপ পায় এবং সে ক্রমাগত দুর্বল হতে থাকে। ডাক্তার বিভিন্ন পরীক্ষা করে বলেন যে, জাভেদ ভাইরাসজনিত একটি রোগে আক্রান্ত হয়েছে। ডাক্তারের কথা শুনে জাভেদের পরিবার ও বন্ধু-বান্ধব জাভেদের প্রতি সহযোগিতা ও সহমর্মিতার হাত প্রসারিত করে।

ক. ইভটিজিং কাকে বলে? ১

খ. অটিজম বলতে কী বোঝায়? ২

গ. জাভেদ যে রোগে আক্রান্ত হয়েছে তার নাম উল্লেখপূর্বক রোগটি প্রতিরোধের উপায় ব্যাখ্যা করো। ৩

ঘ. জাভেদের প্রতি তার পরিবার ও বন্ধু-বান্ধবের আচরণ অত্যন্ত ইতিবাচক ও মানবিক–মূল্যায়ন করো। ৪

http://teachingbd.com

# পৌরনীতি ও সুশাসন : দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৭ | ০ |

## বহুনির্বাচনি প্রশ্ন

সময়-৪০ মিনিট পূর্ণমান: ৪০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. মুজিবনগর সরকারের সদস্যগণ ১৯৭১ সালের কত তারিখে শপথ গ্রহণ করেন?
ক) ১০ এপ্রিল খ) ১১ এপ্রিল
গ) ১৪ এপ্রিল ঘ) ১৭ এপ্রিল

২. N.G.O এর পূর্ণরূপ কী?
ক) Non Governmental Organization
খ) Non Government Organization
গ) New Government Order
ঘ) New Governmental Office

৩. দ্বৈতশাসন বলতে কোন ধরনের শাসনকে বোঝানো হয়?
ক) দু'জনের শাসন
খ) দু'টি রাষ্ট্রের শাসন
গ) প্রশাসনে দু'টি কর্তৃপক্ষের উপস্থিতি
ঘ) দু'টি প্রদেশের শাসন

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
ঈদ ও পূজা পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জামাল উদ্দিন বলেন, 'বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। আমরা বিশ্বাস করি, ধর্ম যার যার, উৎসব সবার।'

৪. জামাল উদ্দিনের বক্তব্যে বাংলাদেশ সংবিধানের কোন মূলনীতির প্রতিফলন দেখা যায়?
ক) জাতীয়তাবাদ খ) গণতন্ত্র
গ) ধর্মনিরপেক্ষতা ঘ) সমাজতন্ত্র

৫. উক্ত মূলনীতির যথার্থ বাস্তবায়ন হলো—
i. কেউ বৈষম্যের শিকার হবে না
ii. সবাই নিজ নিজ ধর্ম স্বাধীনভাবে পালন করবে
iii. সংখ্যাগরিষ্ঠের প্রতি অবিচার করা হবে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) iii ঘ) i ও ii

৬. বাংলাদেশের আইনসভার নাম কী?
ক) পার্লামেন্ট খ) সংসদ
গ) জাতীয় সংসদ ঘ) জাতীয় পরিষদ

৭. দুর্নীতি কোন ধরনের ব্যাধি?
ক) সাংস্কৃতিক খ) মানসিক
গ) অর্থনৈতিক ঘ) সামাজিক

৮. অধ্যাদেশ জারি করেন কে?
ক) রাষ্ট্রপতি খ) প্রধানমন্ত্রী
গ) স্পিকার ঘ) প্রধান বিচারপতি

৯. ৩রা জুন পরিকল্পনা কী?
ক) ভারত বিভক্ত করার পরিকল্পনা
খ) ভারত স্বাধীন করার পরিকল্পনা
গ) বাংলা প্রদেশ বিভক্ত করার পরিকল্পনা
ঘ) পাঞ্জাব প্রদেশ বিভক্ত করার পরিকল্পনা

১০. শেরে বাংলা এ.কে. ফজলুল হক কোথায় জন্মগ্রহণ করেন?
ক) বরিশাল খ) ঝালকাঠি
গ) ভোলা ঘ) বরগুনা

১১. মর্লি মিন্টো সংস্কার আইন কত সালে পাস হয়?
ক) ১৭৮৪ খ) ১৯০৯
গ) ১৯১৯ ঘ) ১৯৩৫

১২. উর্দু ও ইংরেজির পাশাপাশি বাংলাকেও গণপরিষদের অন্যতম ভাষার দাবি কে উত্থাপন করেন?
ক) যোগেন্দ্রনাথ মন্ডল
খ) ধীরেন্দ্রনাথ দত্ত
গ) হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী
ঘ) এ. কে. ফজলুল হক

১৩. জাতীয় সংসদের নেতা কে?
ক) রাষ্ট্রপতি খ) প্রধানমন্ত্রী
গ) স্পিকার ঘ) ডেপুটি স্পিকার

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**
একাদশ শ্রেণির ছাত্রী শিল্পীকে কলেজে যাওয়া আসার পথে বখাটেরা প্রায়ই উত্ত্যক্ত করার চেষ্টা করে। বিষয়টি শিল্পী তার বন্ধুদের সাথে আলাপ করে। বন্ধুদের সাহায্য নিয়ে একদিন শিল্পী বখাটেদের পুলিশে ধরিয়ে দেয়।

১৪. শিল্পী কী ধরনের ঘটনার প্রতিবাদ করে?
i. মানসিক উৎপীড়ন ii. দুর্নীতি
iii. ইভটিজিং
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) iii ঘ) i ও iii

১৫. ঐতিহাসিক আগরতলা মামলায় মোট কতজনকে আসামি করা হয়েছিল?
ক) ৩৪ খ) ৩৫ গ) ৩৬ ঘ) ৩৭

১৬. ফরায়েজি আন্দোলন মুসলমানদের মনে কী জাগ্রত করে?
ক) হিংসা খ) দায়িত্বশীলতা
গ) আত্মবিশ্বাস ঘ) মমত্ববোধ

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**
সিরাজুল ইসলাম রাষ্ট্রের একটি গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত আছেন। তিনি সংবিধানের ৬৩(২) নং অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি কর্তৃক ন্যস্ত সকল দায়িত্ব পালন করেন এবং প্রজাতন্ত্রের পক্ষে আইনের জটিল প্রশ্নে সরকারকে আইনগত পরামর্শ প্রদান করেন।

১৭. সিরাজুল ইসলাম যে পদে অধিষ্ঠিত আছেন তার নাম কী?
ক) প্রধান বিচারপতি খ) অ্যাটর্নি জেনারেল
গ) মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
ঘ) আইনমন্ত্রী

১৮. সিরাজুল ইসলামের সঠিকভাবে দায়িত্ব পালনের ফলে—
i. সরকারের ভাবমূর্তি বৃদ্ধি পায়
ii. দ্রুত বিচার প্রাপ্তির সুযোগ তৈরি হয়
iii. সামাজিক ন্যায়বিচার নিশ্চিত হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৯. ১৯১৯ সালের ভারত শাসন আইন অনুযায়ী প্রকৃত ক্ষমতাধর কে ছিলেন?
ক) গভর্নর জেনারেল
খ) প্রাদেশিক মন্ত্রিপরিষদের সদস্যরা
গ) রাষ্ট্রীয় সভার সদস্যরা
ঘ) ব্যবস্থাপক সভার সদস্যরা

২০. শহীদ বুদ্ধিজীবী দিবস কোনটি?
ক) ২১ ফেব্রুয়ারি খ) ২৭ ফেব্রুয়ারি
গ) ১৪ ডিসেম্বর ঘ) ১৬ ডিসেম্বর

২১. যুক্তফ্রন্ট মন্ত্রিসভার মুখ্যমন্ত্রী কে ছিলেন?
ক) এ.কে. ফজলুল হক
খ) হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী
গ) মাওলানা ভাসানী
ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

**উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।**
নির্মল ত্রিপুরা একটি সংস্থার নির্বাচিত প্রধান। তার সংস্থায় তিনিসহ মোট ১৩ জন নির্বাচিত সদস্য আছেন। ব্যয় নির্বাহের জন্য ঐ সংস্থাকে সরকারি অনুদানের পাশাপাশি করারোপের ওপর নির্ভর করতে হয়। দাপ্তরিক কাজে সহায়তা করার জন্য সরকার নিযুক্ত একজন কর্মচারী ঐ সংস্থায় কাজ করেন।

Teachingbd.com

http://teachingbd.com

২২. **নির্মল ত্রিপুরা কী ধরনের সংস্থার প্রধান?**
ⓚ জেলা পরিষদ ⓚh উপজেলা পরিষদ
ⓖ পৌরসভা ⓖh ইউনিয়ন পরিষদ

২৩. **উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ সংস্থা যে কাজগুলো করে থাকে—**
i. বিশুদ্ধ পানীয় নিশ্চিতকরণ
ii. বন্যা নিয়ন্ত্রণ বাধ নির্মাণ
iii. শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন ও অনুমোদন
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও ii ঘ ii ও iii

২৪. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে জন্মগ্রহণ করেন?**
ক ১৯১৯ খ ১৯২০ গ ১৯২১ ঘ ১৯২২

২৫. **বাংলার রাজনৈতিক ইতিহাসে ১৯৬৯ সাল বিখ্যাত হয়ে আছে কেন?**
ক ছয় দফার জন্যে
খ আগরতলা ষড়যন্ত্র মামলার জন্যে
গ গণআন্দোলনের জন্যে
ঘ স্বাধীনতা লাভের জন্যে

২৬. **বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্য পদ লাভ করে?**
ক ১৯৭২ খ ১৯৭৩ গ ১৯৭৪ ঘ ১৯৭৫

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।**
ঢাকা সিটি কর্পোরেশনকে ভাগ করে ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ নামে দু'টি পৃথক সিটি কর্পোরেশনে রূপান্তরিত করা হয়। বর্তমানে কর্পোরেশন দুটিতে দু'জন নির্বাচিত মেয়রের নেতৃত্বে পৃথক পরিষদ পরিচালিত হচ্ছে।

২৭. **উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে ব্রিটিশ ভারতের কোন ঘটনার মিল আছে?**
ক বঙ্গভঙ্গ খ ভারত বিভক্তি
গ স্বদেশি আন্দোলন ঘ খিলাফত আন্দোলন

২৮. **উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে মিলে যাওয়া ব্রিটিশ ভারতের ঐতিহাসিক ঘটনার ফলে—**
i. জাতীয়তাবাদী আন্দোলন বাধাগ্রস্ত হয়
ii. সাম্প্রদায়িকতার সৃষ্টি হয়
iii. শাসকদের প্রতি মানুষের আস্থা বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও ii ঘ ii ও iii

২৯. **বাংলাদেশ জাতীয় সংসদে মহিলাদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা কত?**
ক ৪০ খ ৪৫ গ ৫০ ঘ ৫৫

৩০. **১৯৫৬ সালের পাকিস্তান সংবিধানের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য কোনটি?**
ক সুপরিবর্তনীয় খ অলিখিত
গ সংক্ষিপ্ততা ঘ বৃহৎ

**উদ্দীপকটি পড়ো এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও।**
জনগণের ন্যায্য অধিকার প্রতিষ্ঠার জন্য 'ক' রাষ্ট্রের জনপ্রিয় নেতাকে বারবার কারাভোগ করতে হয়। এক পর্যায়ে ষড়যন্ত্রমূলক রাষ্ট্রদ্রোহ মামলায় গ্রেফতার করা হলে জনগণ বিদ্রোহ করে সরকারকে দাবি মেনে নিতে বাধ্য করে।

৩১. **উদ্দীপকে বর্ণিত নেতার সাথে সাদৃশ্যপূর্ণ নেতা হচ্ছেন—**
ক দেশবন্ধু চিত্তরঞ্জন দাস
খ শেরে বাংলা এ. কে. ফজলুল হক
গ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ঘ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

৩২. **উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ আন্দোলনের ফল—**
i. আইয়ুব খানের পতন
ii. ১৯৭০ সালের সাধারণ নির্বাচন দিতে বাধ্য করা
iii. স্বাধীনতা যুদ্ধের প্রস্তুতি
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও ii ঘ ii ও iii

৩৩. **বাঙালি জাতীয়তাবাদের মূল ভিত্তি কোনটি?**
ক ভাষা খ ধর্ম
গ ইতিহাস ও ঐতিহ্য ঘ রাজনৈতিক চেতনা

৩৪. **পাকিস্তানের প্রথম গণপরিষদে পূর্ববাংলার সদস্য সংখ্যা কতজন ছিল?**
ক ৪২ খ ৪৩ গ ৪৪ ঘ ৪৫

**উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।**
ইকবাল বাহার একজন সমাজ সংস্কারক। একজন ধার্মিক ও সংস্কারমুক্ত মানুষ হিসেবে তিনি স্বপ্ন দেখেন, সমাজের সকলেই কুসংস্কারমুক্ত হয়ে ধর্মের প্রকৃত বক্তব্য জেনে অবশ্য পালনীয় কাজগুলো করবে। এর জন্য তিনি একটি আন্দোলন শুরু করেন।

৩৫. **উদ্দীপকে বর্ণিত ইকবাল বাহারের আন্দোলনের সাথে কোন আন্দোলনের সাদৃশ্য আছে?**
ক সিপাহি বিদ্রোহ খ নীল বিদ্রোহ
গ বঙ্গভঙ্গ আন্দোলন ঘ ফরায়েজি আন্দোলন

৩৬. **উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ আন্দোলন ছিল মূলত—**
i. সামাজিক আন্দোলন
ii. ধর্মীয় সংস্কারমূলক আন্দোলন
iii. রাজনৈতিক আন্দোলন
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও ii ঘ i, ii ও iii

৩৭. **পাকিস্তানের শতকরা কত জন লোকের ভাষা ছিল উর্দু?**
ক ১.২৯ খ ৩.২৭ গ ২৮.৫৫ ঘ ৪৪.১২

৩৮. **১৯৭৩ সালে কত তারিখে বাংলাদেশ জাতীয় সংসদের প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয়?**
ক ৩ মার্চ খ ৭ মার্চ
গ ১২ মার্চ ঘ ১৫ মার্চ

**উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।**
'ক' রাষ্ট্রে প্রশাসনের একটি গুরুত্বপূর্ণ স্তরে আল্পনা বড়ুয়া কর্মরত আছেন। তিনি ঐ স্তরের মধ্যমনি। তাকে কেন্দ্র করে ঐ স্তরের সমস্ত প্রশাসন পরিচালিত হয়। একজন প্রথম শ্রেণির বিচারক হিসেবে তিনি ফৌজদারী মামলার বিচার করে থাকেন।

৩৯. **উদ্দীপকে বর্ণিত আল্পনা বড়ুয়ার পদের সাথে বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থার সাদৃশ্যপূর্ণ পদ কোনটি?**
ক বিভাগীয় কমিশনার
খ জেলা পরিষদ প্রশাসক
গ জেলা প্রশাসক
ঘ উপজেলা নির্বাহী কর্মকর্তা

৪০. **আল্পনা বড়ুয়ার পদের সাথে সাদৃশ্যপূর্ণ পদের দায়িত্ব পালনের ফলে—**
i. আয়কর বৃদ্ধি পাবে
ii. আইন শৃংখলার উন্নতি হবে
iii. জনহিতকর কাজ বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ i ও ii ঘ ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ |
| ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | গ |

http://teachingbd.com